**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**9 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==================================================================

দেশে আজ উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে । এই নির্বাচনে ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন জাতীয় গনতান্ত্রিক মোর্চা , এন ডি এ সরকার মহারাষ্ট্রের রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণানকে তাদের প্রার্থী হিসেবে এবং ভারতীয় জাতীয় কংগ্রেস নেতৃত্বাধীন এন্ডি গোষ্ঠী সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুর্দশন রেড্ডীকে তাদের মনোনীত প্রার্থী হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দিতার জন্য অবতীর্ন করেছে ।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে জানিয়েছেন যে সি পি রাধাকৃষ্ণান তার জ্ঞান এবং অর্ন্তদৃষ্টির কারনে একজন মহান উপ-রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ই সেপ্টেম্বর সুস্থ নারী সুস্থ পরিবার অভিযানের সূচনা করবেন । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমে জানিয়েছেন যে সমগ্র দেশে নারী এবং শিশুদের উন্নত মানের স্বাস্থ্য প্রদানের লক্ষ্যে এই অভিযান আরম্ভ করা হচ্ছে ।

স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা জানান যে এই অভিযানের মাধ্যমে নারী এবং শিশুদের গুণগত মানের স্বাস্থ্য সেবা প্রদান এবং স্বাস্থ্য সম্পর্কে তাদের আরো বেশী সচেতন করে তোলার বিষয়টি নিশ্চিত করা হবে । দেশব্যাপী এই অভিযানের মাধ্যমে আয়ুষ্মান আরোগ্য মন্দির , কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্য কেন্দ্র গুলিতে মোট ৭৫ হাজার স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

মানবতা ও সমন্বয়ের বার্তা দিয়ে বিশ্বের বুকে ছাপ রেখে যাওয়া গণশিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্মদিন গতকাল সমগ্র রাজ্যে শ্রদ্ধার সঙ্গে পালন করা হয়েছে । আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে ঝালুকবাড়ীর ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে স্মৃতি তর্পণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সুধাকণ্ঠকে স্মরন করা হয় । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এবং মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে ডঃ ভূপেন হাজারিকার গানগুলি যথার্থ অর্থে সমাজের নিপীড়িত লোকেদের আশা আকাঙ্খা এবং সাধারণ মানুষের স্বপ্নের বাহক বলে মন্তব্য করেন ।

মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানান যে সুধাকন্ঠ ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে রাজ্য সরকার অরুণাচল প্রদেশ, মেঘালয়, মুম্বাই এবং নতুন দিল্লিতে অনুষ্ঠান আয়োজন করছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল প্রবাদপ্রতিম শিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে বছরব্যাপী কর্মসূচীর ধারাবাহিকতায় কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচর বঙ্গভবনে

সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজন করা হয়েছে । এদিকে শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে  ঝালুকবাড়ীর ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে  আয়োজিত স্মৃতি তর্পণ অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার প্রদর্শনের মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হয় । উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় তাঁর বক্তব্যে বলেন-যে  ডঃ ভূপেন হাজারিকা তাঁর সৃষ্টিকর্মের মাধ্যমে বিশ্বজনীন ভ্রাতৃত্ববোধ জাগিয়ে তোলার প্রয়াস করেছেন । উধারবন্দের জগন্নাথ সিং কলেজের সাংস্কৃতিক কোষের উদ্যোগে গতকাল এ উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ে  ডঃ ভূপেন হাজারিকার প্রতিকৃতিতে প্রদীপ প্রজ্জ্বলন করে পুষ্পার্ঘ অর্পণ করা হয়েছে । এছাড়া গতকাল সন্ধ্যায় শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে জেলার সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগিতায় ‘শতবর্ষের সন্ধ্যা’ শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার শ্রীকিষাণ সারদা কলেজে  ভারতরত্ন ডঃ ভুপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হয় । সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও ভূপেন হাজারিকার জীবন ও কর্মের উপর একটি সাংস্কৃতিক প্রদর্শনী এবং ক্যুইজ প্রতিযোগিতাও  অনুষ্ঠিত হয়েছে ।

---

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে শিলচর সৈনিক ভবনে প্রাক্তন সেনা , বীর নারী এবং তাদের পরিবারের সদস্য এবং বর্তমানে কর্মরত সেনাকর্মী ও তাদের পরিবারবর্গের জন্য সম্পূর্ণ বিনামূল্যে আইনী পরিষেবা প্রদানের উদ্দেশ্যে গতকাল থেকে একটি লিগেল সার্ভিসেস ক্লিনিক

চালু করা হয়েছে । জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের পক্ষ থেকে আইনী পরিষেবা গ্রহণে ইচ্ছুক প্রাক্তন সেনা কর্মী , বীর নারী ও তাদের পরিবারের সদস্যদের আইনী পরিষেবা গ্রহণের জন্য প্রয়োজন সাপেক্ষে এই ক্লিনিকের প্যারা লিগ্যাল ভলান্টিয়ার্সদের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার গতকালের খেলায় বি এম এস সি ৩-১ গোলে রাঙ্গাউটির তুফান ক্লাবকে পরাজিত করে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতায় মোট ১৬টি অংশ গ্রহন করছে ।

---